তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা ১৯ ... কলাম ... ১

সমকাল

রংপুরে শিক্ষামন্ত্রী

# ঐক্যবদ্ধ প্রচেষ্টায় শিক্ষাঙ্গনে জঙ্গিবাদ রুখতে হবে

■ রংপুর অফিস

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টায় শিক্ষাঙ্গন থেকে জঙ্গিবাদ রুখতে হবে। দেশে নামকরা শিক্ষা প্রতিষ্ঠানের শেষ নেই। কিন্তু মানসম্পন্ন ও আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের অভাব রয়েছে। তিনি বলেন, ছাত্রদের পাশাপাশি শিক্ষকরাও জঙ্গিবাদে জড়িয়ে পড়ছেন। এ অবস্থা থেকে বেরিয়ে আসতে হবে। গতকাল শনিবার দুপুরে রংপুর জিলা স্কুল মাঠে দিনাজপুর শিক্ষা বোর্ড আয়োজিত 'শিক্ষায় উন্নত পরিবেশ ও জঙ্গিবাদমুক্ত শিক্ষাঙ্গন' শীর্ষক এক সমাবেশে তিনি এসব কথা বলেন।

দিনাজপুর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আহমেদ হোসেনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সংসদ সদস্য অধ্যাপক গোলাম মোস্তফা, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক অধ্যাপক জাহাঙ্গীর হোসেন, মাদ্রাসা শিক্ষা বোর্ডের মহাপরিচালক বিল্লাল হোসেন, রংপুর বিভাগীয় কমিশনার কাজী হাসান আহমেদ, ডিআইজি খন্দকার গোলাম ফারুক, জেলা প্রশাসক রাহাত আনোয়ার, পুলিশ সুপার মিজানুর রহমান প্রমুখ। উপস্থিত ছিলেন রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ■ পৃষ্ঠা ৪ : কলাম ৮

## ঐক্যবদ্ধ প্রচেষ্টায়

[১৯ পৃষ্ঠার পর]

উপাচার্য অধ্যাপক ড. একেএম নুর উন নবী ও রংপুর সিটি করপোরেশনের মেয়র সরফুদ্দিন আহমেদ। শিক্ষকদের উদ্দেশে মন্ত্রী বলেন, কোনো প্রতিষ্ঠানে শিক্ষার্থীর আচরণ পরিবর্তন হলে তাদের প্রতি নজর রাখতে হবে। সন্দেহজনক কিছু দেখলে তাদের পুলিশে সোপর্দ করতে হবে। জঙ্গিরা দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করতে জঙ্গিবাদ সৃষ্টি করছে। এদের নির্মূলে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি বলেন, জঙ্গি এবং তাদের সহায়তাকারীরাও এ দেশের মানুষ। তবে এরা স্বাধীনতাবিরোধী। একাত্তরে স্বাধীনতার বিরোধিতার পর এখন তারা জঙ্গিবাদের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করতে চাইছে।

মাদ্রাসা শিক্ষা প্রসঙ্গে মন্ত্রী বলেন, মাদ্রাসা জঙ্গিবাদের কারখানা এ কথা ঠিক নয়। মাদ্রাসাতেও মেধাসম্পন্ন মানুষ রয়েছে। তাদেরও যথাযথ মূল্যায়ন করতে হবে।

সমাবেশে রংপুর বিভাগের ৮ জেলার দেড় হাজার শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানসহ শিক্ষা কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এর আগে শিক্ষামন্ত্রী রংপুর সরকারি কলেজে বিদেশি ভাষা প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করেন।